# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৮৭]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ১৬: অন্য আর এক প্রকার বর্ণনা

## باب نَوْعٌ آخَرُ

আরবী

وأَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ يَعْقُوبَ، قال: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَاصِمٍ، أَنَّ جَدَّهُ عُبَيْدَ اللَّهِ بْنَ الْوَازِعِ حَدَّثَهُ، قال: حَدَّثَنَا أَيُّوبُ السَّخْتِيَانِيُّ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ قَبِيصَةَ بْنِ مُخَارِقٍ الْهِلَالِيِّ، قال: كَسَفَتِ الشَّمْسُ وَنَحْنُ إِذْ ذَاكَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْمَدِينَةِ، فَخَرَجَ فَزِعًا يَجُرُّ ثَوْبَهُ، فَصَلَّى رَكْعَتَيْنِ أَطَالَهُمَا فَوَافَقَ انْصِرَافُهُ انْجِلَاءَ الشَّمْسِ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ وَإِنَّهُمَا لَا يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ، فَإِذَا رَأَيْتُمْ مِنْ ذَلِكَ شَيْئًا فَصَلُّوا كَأَحْدَثِ صَلَاةٍ مَكْتُوبَةٍ صَلَّيْتُمُوهَا .

تخریج دارالدعوہ: سنن ابی داود/الصلاة ٢٦٢ (١١٨٥، ١١٨٦)، (تحفة الأشراف: ١١٠٦٥)، مسند احمد ٥/٦٠، ٦١ (ضعیف) (یہاں ابو قلابة مدلس نے ”نعمان“ کے بجائے ”قبیصہ“ کانام لیا ہے، مذکورہ سبب سے یہ روایت بھی ضعیف ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1487 ـ ضعيف

বাংলা

১৪৮৬. ইব্রাহীম ইবনু ইয়াকূব (রহ.) ..... কবীসাহ ইবনু মুখারিক আল হিলালী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার সূর্যগ্রহণ লাগল। তখন আমরা আল্লাহর রসূল (সা.) -এর সাথে মদীনায় ছিলাম। তখন তিনি ভীতসন্ত্রস্ত হয়ে কাপড় সামলাতে সামলাতে বের হলেন। তারপর দু' রাকআত সালাত আদায় করলেন এবং তা এত দীর্ঘায়িত করলেন যে, তাঁর সালাতের সমাপ্তির সাথে সাথে সূর্যের আলো বিকশিত হয়ে গেল। এরপর তিনি আল্লাহ

তা'আলার প্রশংসা ও গুণাগুন বর্ণনা করলেন। অতঃপর বললেন যে, চন্দ্র-সূর্য আল্লাহর নিদর্শনসমূহের দু'টি নিদর্শন। নিশ্চয় কারও জন্ম মৃত্যুর কারণে তাদের গ্রহণ হয় না। অতএব তোমরা যখন তার কোন কিছু দেখতে পাও, তখন সালাত আদায় কর তোমাদের সম্প্রতি আদায়কৃত ফরয সালাতের ন্যায়।

## English

Another version

It was narrated that Qabisah bin Mukhariq Al-Hilali said: There was an eclipse of the sun and at the time we were with the Messenger of Allah (ﷺ) in Al-Madinah. He rushed out dragging his garment and prayed two rak'ahs, which he made lengthy. The end of his prayer coincided with the end of the eclipse. He praised and glorified Allah (SWT), then he said: 'The sun and the moon are two of the signs of Allah (SWT), and they do not become eclipsed for the death or birth of anyone. If you see anything of that, then pray like the last obligatory prayer you did before that.'

### ফুটনোট

সনদ দুর্বলঃ বর্ণনাকারী সিকাহ হওয়া সত্ত্বেও সনদে দুর্বলতা আছে, কারণ হলো আবু কিলাবাহ কবীসাহ অথবা নু'মান এর থেকে শ্রবণটা সুস্পষ্ট নয়; আবু দাউদ ১১৮৫, মুসনাদে আহমাদ ২০৬২৬, সহীহ ইবনু খুযায়মাহ ১৪০২, ইরওয়াউল গালীল ৩/১৩১, য'ঈফ আবু দাউদ ২১৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ কবীসা ইবন মুখারিক আল হিলালী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89982

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন